পেশাদারিত্বের স্বপ্ন নিয়ে যাত্রা শুরু করলো দৈনিক আলোকিত গণমাধ্যম

‘আলোর পথে সত্যের সাথে’ স্লোগানকে ধারণ করে ফেনীতে আনুষ্ঠানিক যাত্রা শুরু করেছে নতুন দৈনিক পত্রিকা আলোকিত গণমাধ্যম। গতকাল সোমবার ফেনী পৌরসভার সম্মেলন কক্ষে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে পত্রিকাটির প্রথম সংখ্যার মোড়ক উন্মোচন করা হয়।
এতে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মনিরা হক। উদ্বোধক ছিলেন পুলিশ সুপার মো. হাবিবুর রহমান। বিশেষ অতিথি ছিলেন সিভিল সার্জন ডা. রুবাইয়াত বিন করিম ও ফেনী পৌরসভার প্রশাসক গোলাম মো. বাতেন। সভায় সভাপতিত্ব করেন পত্রিকার সম্পাদক সিদ্দিক আল-মামুন। উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, পত্রিকার প্রকাশ করা একটি কঠিন কাজ। সম্পাদক সিদ্দিক আল মামুন এ কঠিন কাজটি চ্যালেঞ্জ হিসেবে নিয়েছেন। আমরা আশা করবো শতভাগ পেশাদারিত্ব নিয়ে পত্রিকাটি ফেনীর উন্নয়ন-সম্ভাবনা সংকট তুলে ধরবে। একটি ভালো গণমাধ্যমকে নিরপেক্ষ হতে হবে। দৈনিক আলোকিত গণমাধ্যম নিরপেক্ষভাবে সংবাদ পরিবেশন করবে বলে আমরা প্রত্যাশা করি।

এতে বক্তব্য রাখেন জামায়াতে ইসলামী জেলা আমির মাওলানা মুফতি আব্দুল হান্নান, জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক গাজী হাবিবুল্লাহ মানিক, ফেনী ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সদস্য ডা. তবারক উল্লাহ চৌধুরী বায়েজিদ, স্টারলাইন গ্রুপের ভাইস চেয়ারম্যান জাফর উদ্দিন, জেলা ছাত্রদলের সভাপতি সালাউদ্দিন মামুন, ড্যাব ফেনীর সাধারণ সম্পাদক ডা. মোবারক হোসেন দুলাল, ফেনী পৌরসভার সাবেক প্যানেল মেয়র ওমর ফারুক ভূঁঞা বেলাল, ফেনী রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি শুকদেব নাথ তপন, চ্যানেল ২৪ জেলা প্রতিনিধি দিলদার হোসেন স্বপন,খেলাফত মজলিস ফেনীর জয়েন্ট সেক্রেটারি মাও. আজিজ উল্লাহ আহমদী,নিরাপদ সড়ক আন্দোলন জেলার সভাপতি জিয়া উদ্দিন। সিনিয়র সাংবাদিক এমএ সাঈদ খান।

এছাড়াও আরো উপস্থিত ছিলেন ফেনী পৌরসভার নির্বাহী প্রকৌশলী জাকির হোসেন, আরটিভি প্রতিনিধি আজাদ মালদার, বাংলাভিশনে প্রতিনিধি রফিকুল ইসলাম, সাপ্তাহিক স্বদেশপত্র সম্পাদক এনএন জীবন, ৭১ টিভি প্রতিনিধি জহিরুল হক মিলু, সাপ্তাহিক ফেনী সমাচার